দৈনিক খবর

তারিখ 13 NOV 1991
পৃষ্ঠা ১ কলাম ৫

৭৭

# কড়া নিরাপত্তা ব্যবস্থায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা শুরু

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ও অনার্স ফাইনাল পরীক্ষা শুরু হয়েছে।

পরীক্ষা গ্রহণের আগে থেকেই কর্তৃপক্ষ ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করে। গতকাল সকাল থেকে মধুর কেন্টিন এলাকা, ভিসির বাসভবনসহ কলাভবনের প্রতিটি প্রধান ফটকে পুলিশ মোতায়েন করা হয়। গতকাল সকাল হতে পরীক্ষার্থী ছাড়া অন্য কোন ছাত্রকে কলা ভবনের মধ্যে প্রবেশ করতে দেয়া হয়নি। প্রতিটি প্রবেশদ্বার ছিল তালাবদ্ধ।

গত ২রা নভেম্বর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ কর্মবিরতি পালন শুরু করলে বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি হয়। পরে শিক্ষকবৃন্দ পরীক্ষার্থীদের দাবীর মুখে

(শেষ পৃষ্ঠায় ৫ম কলামে দেখুন)

## কড়া নিরাপত্তা ব্যবস্থায়

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষাসমূহকে কর্মবিরতির আওতা বহির্ভূত করা হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক নোটিশের মাধ্যমে ১২ই নভেম্বর পরীক্ষা অনুষ্ঠানের কথা জানিয়ে দেন।

ক্যাম্পাসে আতংকজনক অবস্থা থাকার কারণেই গতাকাল ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। শিক্ষকদের কর্মবিরতির ফলে সুনিশ্চিত কিছু বলা যায় না পুনরায় কবে থেকে ক্লাসমূহ শুরু হবে।

গত ২৭শে অক্টোবর বিশ্ববিদ্যালয়ে এক রক্তক্ষয়ী সংঘর্ষে চারজনের প্রাণহানি ঘটলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দু'দফায় ১২ দিন ক্লাস ও পরীক্ষাসমূহ স্থগিত রাখার ঘোষণা দেন। ঐ দিনই মাস্টার্স ও অনার্স সমাপনী পরীক্ষাসমূহ শুরু হয়েছিল।

এদিকে ক্যাম্পাসে গতকাল সাধারণ ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল কম।